মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ..... তারিখ-.....

প্রেরক : চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : রেজিষ্ট্রার
বাংলাদেশ সুপ্রিম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা-১১০০

বিষয় : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নম্বর-৫৯৩৮/২০১৯ হতে উদ্ভুত পরিস্থিতি অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : অত্র শিক্ষা বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার গত ২৫/০৬/২০১৯ খ্রী: তারিখের মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন শহীদ জিয়া মডেল কলেজের বরখাস্তকৃত অধ্যক্ষ মোঃ মাহতাব উদ্দিন, তার স্ব-পদে পুনর্বহালের নিমিত্তে মহামান্য হাইকোর্টে ৫৯৩৮/২০১৯ নং রীট পিটিশন দায়ের করেছেন। গত ২৩/০৫/২০১৯ খ্রী: তারিখে মহামান্য হাইকোর্ট মোঃ মাহতাব উদ্দিন-এর মাননীয় চেয়ারম্যান বরাবর দাখিলকৃত ২৫/০৪/২০১৯ খ্রী: তারিখের আবেদনটি নিস্পত্তির জন্য নির্দেশনা প্রদান করেছেন। এমতাবস্থায়, তদবিষয়ে অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত (কপি সংযুক্ত) আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরীত হলো।

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর ..... তারিখ: .....

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

১। এ্যাড. সেলিনা আক্তার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ
রুম নং-৮০৩, এনেক্স এক্সটেশন বিল্ডিং
সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন ভবন, ঢাকা-১১০০

২। মোসা: জান্নাতুল ফেরদৌসী বেগম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), শহীদ জিয়া মডেল কলেজ
গাবতলী, বগুড়া

৩। মোঃ মাহতাব উদ্দিন
অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), শহীদ জিয়া মডেল কলেজ
গাবতলী, বগুড়া

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী